আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**29 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) দেশের যুব-প্রজন্মকে কর্মসংস্থানের সুযোগ প্রদান করতে সরকার বদ্ধপরিকর বলে রোজগার মেলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ । উত্তর-পূর্বাঞ্চলের ১শো ৪৪ জনকে নিযুক্তিপত্র প্রদান ।

২) নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ২০২৫ সালের বিধানসভা ভিত্তিক ফটোযুক্ত খসড়া ভোটার তালিকার বিশেষ সারাংশ সংশোধন প্রকাশ ।

৩) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ জাতীয় একতা দৌড় কার্যসূচি অনুষ্ঠিত ।

এবং

৪) দীপাবলীর প্রাক-কালে দেশজুড়ে ধনতেরাসের উৎসব, বরাক উপত্যকায়ও এর প্রভাব ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন করে বাছাই করা কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে ৫১ হাজারেরও বেশি নব-নিযুক্ত প্রার্থীদের মধ্যে নিযুক্তিপত্র বিতরণ করেছেন । এই উপলক্ষ্যে গৌহাটি সহ দেশের ৪০টি স্থানে আয়োজিত রোজগার মেলায় অংশ

গ্রহণকারীদের ভি-ডি-ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে সম্মোধন করে প্রধানমন্ত্রী বলেন যে এ ভাবেই যুবক-যুবতীদের স্থায়ী সরকারী চাকরি প্রদানের প্রয়াস অব্যাহত থাকবে । তিনি বলেন যে দেশের যুব প্রজন্মকে কর্ম-সংস্থানের সুযোগ প্রদান করতে সরকার বদ্ধপরিকর । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে কেন্দ্রীয় সরকারের অধীন বিভিন্ন বিভাগ এবং মন্ত্রনালয়ে নতুন ভাবে নিযুক্তি লাভ করা প্রার্থীদের কর্মযোগী পোর্টালের মাধ্যমে প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করা হবে । নব-নিযুক্ত যুবক-যুবতীরা iGOT কর্মযোগী পোর্টাল থেকে অন-লাইন মডিউল এবং প্রায় ৪শোর বেশি ই-শিক্ষণ পাঠ্যক্রম সংগ্রহ করতে পারবেন । এই পাঠ্যক্রম তাদের উন্নত ভারত গড়ে তোলার ক্ষেত্রে সহায়তা এবং সরকারী কাজে দক্ষ করে তুলবে । কেন্দ্রীয় বন্দর, জাহাজ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল প্রেক্ষাগৃহে আয়োজিত এই রোজগার মেলায় উপস্থিত ছিলেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিগত ১০ বছর থেকে যুব প্রজন্মের সবলীকরণে বিভিন্ন কার্যসূচি অব্যাহত রেখেছেন বলে তিনি মত প্রকাশ করেন ।

উল্লেখ্য যে আজকের এই রোজগার মেলার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির ১শো ৪৪ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয় ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আয়ুর্বেদ দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । শ্রী মোদী সামাজিক মাধ্যম যোগে বলেছেন যে আয়ুর্বেদ সুস্থ জীবনশৈলী বজায় রাখার ক্ষেত্রে এক বিশেষ ভূমিকা পালন করে আসছে এবং আয়ুর্বেদের এই প্রক্রিয়া সব সময় অক্ষুন্ন থাকবে । তিনি বলেন যে ধনন্তরীর জন্মবার্ষিকী আয়ুর্বেদের উপযোগিতা এবং অবদানের সঙ্গে যুক্ত রয়েছে এবং সমগ্র বিশ্ব এ কথা স্বীকার করেছে ।

---------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে বরাক উপত্যকার তিন জেলায় আজ ২০২৫ সালের পয়লা জানুয়ারিকে ভিত্তি করে জেলাগুলির সবকটি বিধানসভা কেন্দ্র ভিত্তিক ফটোযুক্ত খসড়া ভোটার তালিকার বিশেষ সারাংশ সংশোধন প্রকাশ করা হয়েছে । এই অনুসারে কাছাড় জেলার প্রকাশিত খসড়া ফটোযুক্ত ভোটার তালিকা কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিক, জেলার সব নির্বাচনী নিবন্ধন আধিকারিকদের কার্যালয়, সব সহকারী নির্বাচনী আধিকারিকের কার্যালয় এবং নির্দিষ্ট বিধানসভার বি এল ওদের কার্যালয়ে পরিদর্শনের জন্য রাখা হয়েছে । এই খসড়া ভোটার তালিকার দাবি ও আপত্তি জমা দেওয়ার সময়সীমা আজ থেকে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত ধার্য করা

হয়েছে ।  এছাড়া অনলাইনেও দাবী ও আপত্তি জানানো যেতে পারে । আগামী ২৪শে ডিসেম্বর পর্যন্ত দাবী ও আপত্তি গ্রহণ করা হবে । এরপর আগামী ছয়ই জানুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

কাছাড় জেলার খসড়া ভোটার তালিকা প্রকাশ এবং এর বিশেষ সারাংশ সংশোধনের ব্যাপারে আলোচনা করতে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ জেলার সব স্বীকৃতিপ্রাপ্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠক করেছেন । জেলা আয়ুক্তের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে জানানো হয়েছে যে- আগামী দুই মাসের মধ্যে জেলার বাসিন্দারা ভোটার তালিকায় নাম যোগ করা বা মোছার কাজ করতে পারবেন । এতে বলা হয়েছে যে- নাম তোলার জন্য ছ'নম্বর ফর্ম এবং ভোটারদের বিবরণ স্থানান্তর বা সংশোধনের জন্য  আট নম্বর ফর্ম এবং নাম মোছার জন্য সাত নম্বর ফর্ম ব্যবহার করতে হবে । বুথ স্তরের আধিকারিকদের ভূমিকা সম্পর্কে বৈঠকে জানানো হয় যে- বি এল ও'রা ঘরে ঘরে গিয়ে ভোটার তালিকায় নাম যোগ করা, স্থানান্তর এবং মুছের ফেলার জন্য সহায়তা করবেন । বিশেষ ক্যাম্প সম্পর্কে বৈঠকে বলা হয় যে- প্রতিটি ভোটকেন্দ্র এলাকায় আগামী ৯, ১০ এবং ১৬ ও ১৭ই নভেম্বর বিশেষ ক্যাম্পের আয়োজন করা হবে । এই ক্যাম্পগুলির উদ্দেশ্য হচ্ছে- ভোটারদের ভোটার তালিকা সম্পর্কিত যেকোনো প্রশ্ন বা পরিবর্তন সংক্রান্ত সহায়তা প্রদান করা ।

এদিকে করিমগঞ্জ জেলার এই খসড়া ভোটার তালিকা পরিদর্শনের জন্য জেলা আয়ুক্তের কার্যালয়ের নির্বাচন শাখা, সংশ্লিষ্ট চক্র আধিকারিকের কার্যালয় এবং সকল ভোটকেন্দ্রে পাওয়া যাবে । করিমগঞ্জ জেলার আজ প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা ৯ লক্ষ ৪৪ হাজার ৬২০ । এরমধ্যে ৪ লক্ষ ৭৯ হাজার ৭০৫ জন পুরুষ, ৪ লক্ষ ৬৪ হাজার ৯০৪ জন মহিলা এবং ১১ জন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । এছাড়া এই জেলায় মোট ভোটকেন্দ্রের সংখ্যা হচ্ছে- ১ হাজার ৯৯ ।

এছাড়া হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের ফটোযুক্ত খসড়া ভোটার তালিকা আজ জেলার রাজনৈতিক দলগুলির কর্মকর্তাদের সঙ্গে নিয়ে এক সাংবাদিক সম্মেলনে প্রকাশ করা হয়েছে । অতিরিক্ত জেলা আয়ুক্ত অমিত পারবোসা এবং নির্বাচনী আধিকারিক কিষাণ চরাই ত্রিপুরা রাজনৈতিক দলগুলির কর্মকর্তা এবং সাংবাদিকদের সামনে এই তালিকার বিবরণ তুলে ধরে বলেন যে- এই খসড়ায় হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ২লক্ষ ১৫হাজার ২৭২ জন ভোটার রয়েছেন । ২০২৪

সালে এই কেন্দ্রে ভোটারের সংখ্যা ছিল- ২লক্ষ ১১ হাজার ৮৮৬। এছাড়া এই খসড়া অনুযায়ী আলগাপুর-কাটলীছড়া বিধানসভা কেন্দ্রে ২লক্ষ ৬৪ হাজার ৭৮২জন ভোটার রয়েছেন । নির্বাচনী এলাকা পুনর্নির্ধারণের পর হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রে ভোটকেন্দ্র রয়েছে ২৮২টি এবং আলগাপুর-কাটলীছড়া বিধানসভা কেন্দ্রে ৩৩০টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে । এলাকা পুনর্নির্ধারণের আগে হাইলাকান্দি আসনে ২৭৯টি এবং আলগাপুর ও কাটলীছড়া মিলিয়ে ৩২৩টি ভোটকেন্দ্র ছিল । প্রকাশিত খসড়া তালিকায় জেলায় সার্ভিস ভোটার রয়েছেন ৭৮২ জন । ফটো ছাড়া এই খসড়া তালিকা রাজ্যসরকারের হাইলাকান্দির ওয়েবসাইটে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ সকালে নতুন দিল্লীর মেজর ধ্যানচান্দ নেশন্যাল ষ্টেডিয়াম থেকে পতাকা নাড়িয়ে একতা দৌড়ের সূচনা করেন । ১৮শো ৭৫ সালের ৩১ ডিসেম্বর জন্মগ্রহণ করা সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে এই অনুষ্ঠানে ৮ হাজারের অধিক মানুষ অংশ গ্রহণ করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী শাহ বলেন যে একতার দৌড় দেশের একতার জন্য গ্রহণ করা শুধুমাত্র একটি সংকল্প নয়, এই দৌড় বিকশিত ভারত গড়ে তোলার সংকল্প হিসেবে পরিগণিত হচ্ছে । সর্দার বল্লভ ভাই প্যাটেলের আবদানের কথা স্মরণ করে তিনি বলেন যে বহু বছর ধরে লৌহমানবকে ভারতীয় ইতিহাস থেকে দুর্ভাগ্যজনক ভাবে দূরে রাখার চেষ্টা করা হয়েছে । শ্রী শাহ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাটে সর্দার বল্লভ ভাই প্যাটেলের বিশ্বের সর্বোচ্চ মূর্তী স্থাপন করে তার প্রতি উপযুক্ত সম্মান প্রদর্শন করেছেন ।

কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ বিভাগের উদ্যোগে আজ গৌহাটির সরুসজাই ষ্টেডিয়ামে একতা দৌড় শীর্ষক কার্যসূচি অনুষ্ঠিত হয় । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এই কার্যসূচিতে অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায়ও আজ সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষে জাতীয় একতা দৌড় অনুষ্ঠিত হয়েছে ।

জনসাধারণের মধ্যে জাতীয় একতার বার্তা ছড়িয়ে দিতে করিমগঞ্জ জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের যৌথ উদ্যোগে আজ সকাল ৬টায় করিগঞ্জ আবর্ত ভবণের সামনা থেকে একতা দৌড় কার্যসূচির সূচনা হয় । এতে করিমগঞ্জের পুলিশ সুপার পার্থপ্রতিম দাস, অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস, অমিতরাজ চৌধুরী, সহকারী আয়ুক্ত মানস প্রতিম বংজং সহ পুলিশ জোওয়ান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, ক্রীড়াপ্রেমী

জনসাধারণ সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা অংশ গ্রহণ করেন । এই একতা দৌড় করিমগঞ্জ আবর্ত ভবণের সামনা থেকে শুরু হয়ে হাসপাতাল রোড, সুভাষ নগর, এওসি পয়েন্ট, ষ্টেশন রোড, শম্ভু সাগর পার্ক, মেইনরোড হয়ে ডি-এস-এ মাঠে গিয়ে শেষ হয় ।

আজকের একতা দৌড়ে পুরুষদের মধ্যে কল্পজ্যোতি দাস প্রথম, বিষ্ণু রায় দ্বিতীয় এবং রমেশ দাস তৃতীয় স্থান লাভ করেছে , অন্যদিকে মহিলাদের মধ্যে সাজনা বেগম প্রথম, মমতা দৈমারী দ্বিতীয় এবং যশস্বী দৈমারী তৃতীয় স্থান লাভ করেছে । জাতীয় একতা দিবস উপলক্ষে আগামী ৩১ অক্টোবর করিমগঞ্জের বিভিন্ন সরকারী কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠানে শপথ গ্রহণ কার্যসূচি অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দিতেও আজ জাতীয় একতা দৌড় অনুষ্ঠিত হয়েছে । হাইলাকান্দি জেলাক্রীড়া সংস্থার মাঠ থেকে আজ সকালে পতাকা নাড়িয়ে জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডাড ফাইরিম এই একতা দৌড় কার্যসূচির সূচনা করেন । জাতীয় ঐক্য ও সংহতি সুদৃঢ় করতে জেলার উচ্চপদস্থ আধিকারিক, কর্মচারী এবং পুলিশ বাহিনীর সদস্যরা অংশ গ্রহণ করেন । পুলিশ সুপার লীনা দোলেও আজকের একতা দৌড়ে অংশ গ্রহণ করেন ।

কাছাড় জেলায়ও আজ সরকারী , বেসরকারী কার্যালয় এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় একতা দৌড়ের কার্যসূচি অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সভা, র‍্যালী ইতাদি কার্যসূচি পালন করা হয় ।

ডিমাহাসাও জেলায় আজ জেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনের যৌথ উদ্যোগে একতা দৌড় কার্যসূচি অনুষ্ঠিত হয় ।

উল্লেখ্য যে আগামী ৩১ অক্টোবর সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিনে দীপাবলীর ছুটি থাকায় সরকারী সিদ্ধান্ত অনুসারে আজ একতা দৌড় কার্যসূচির আয়োজন করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

আলোর উৎসব দীপাবলীকে সামনে রেখে আজ সমগ্র দেশের বিভিন্ন স্থানে প্রচলিত রীতিনীতি মেনে ধনতেরস পালন করা হচ্ছে। আজ সর্বরোগহর ধন্বন্তরী কবিরাজের জন্মদিন । বরাক উপত্যকার বিভিন্ন গহনার প্রতিষ্ঠান, দোকান ইত্যাদিতে বিগত কয়েকদিন ধরেই ধনতেরসকে উপলক্ষ্য করে জনসাধারণের মধ্যে উৎসবের আনন্দ দেখা গেছে । লৌকিক ধারণা অনুযায়ী দীপাবলীর আগের আজকের এই তিথিতে সোনা-রূপো, তামা-কাঁসা সহ যেকোনো ধাতব বস্তু ক্রয় করলে সংসারের কল্যাণ হয় । এই ভাবনা

থেকে বিশেষ করে আজকের দিনে বরাক উপত্যকার তিন জেলার জুয়েলারির দোকানগুলি এবং বাসন-কোসনের দোকানগুলিতে ভীড় ছিল চোখে পড়ার মতো ।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ধনতেরস উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমে শুভেচ্ছা জানিয়ে শ্রী মোদী ধন্বন্তরীর আশীর্বাদে সবার জীবন সুস্থ ও আনন্দময় হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

দীপাবলী উপলক্ষে হাইলাকান্দির জেলা আয়ুক্ত আগামী পয়লা নভেম্বর এন আই অ্যাক্টে জেলায় স্থানীয় ছুটি ঘোষণা করেছেন । এর পরিপ্রেক্ষিতে ঐদিন হাইলাকান্দি জেলায় সব সরকারি কার্যালয় বন্ধ থাকবে । তবে বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্বনির্ধারিত পরীক্ষা থাকলে তা যথারীতি অনুষ্ঠিত হবে। এছাড়া অত্যাবশ্যকীয় পরিষেবার ক্ষেত্রে এই বন্ধ কার্যকর হবেনা ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের নির্দেশে হাইলাকান্দি জেলাতেও আগামী ৩ নভেম্বর থেকে ৯ নভেম্বর পর্যন্ত ভাষা গৌরব সপ্তাহ পালন করা হবে । সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যসূচির সফল রূপায়নের উদ্দেশ্যে আজ হাইলাকান্দিতে সরকারী উদ্যোগে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত নিসর্গ হিবারের পৌরহিত্যে অনুষ্ঠিত আজকের সভায় সব সরকারী বিভাগকে তাদের অধীন অন্যান্য শাখা কর্মীদের সম্মিলিত প্রয়াসে এই সপ্তাহ পালনের কার্যসূচি প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয় । জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানেও ভাষা গৌরব সপ্তাহ পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সভায় জানানো হয় যে হাইলাকান্দি জেলায় এই উপলক্ষে একটি কেন্দ্রীয় অনুষ্ঠানেরও আয়োজন করা হবে । জেলা আয়ুক্ত শ্রী হিভারে বেসরকারী বিদ্যালয়গুলিতেও ভাষা গৌরব সপ্তাহ পালনের উদ্দেশ্যে কার্যসূচি গ্রহণ করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------